

# চাকসু নির্বাচনে নতুন প্যানেল ঘোষণা



ছবি: সমকাল

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশ: ২০ সেপ্টেম্বর ২০২৫ | ১৮:০১



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) নির্বাচনে নতুন প্যানেল ঘোষণা করেছে বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদ ও ইসলামী ছাত্র মজলিস। শনিবার দুপুর একটার দিকে ক্যাম্পাসের কলার বুপড়ির সামনে আয়োজিত অনুষ্ঠানে তারা ‘সর্বজনীন শিক্ষার্থী সংসদ’ নামের এ প্যানেল উন্মোচন করেন।

এই প্যানেল থেকে সহসভাপতি (ভিপি) পদে লড়বেন শাখা বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদের আহ্বায়ক ও ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের স্নাতকোত্তর শিক্ষার্থী তামজিদ উদ্দিন। সাধারণ সম্পাদক (জি.এস) পদে লড়বেন শাখা ইসলামী ছাত্র মজলিসের সভাপতি ও আরবি বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী সাকিব মাহামুদ রুমি। আর সহসাধারণ সম্পাদক (এজিএস) পদে আছেন শাখা অধিকার পরিষদের সদস্য সচিব ও বাংলাদেশ স্টাডিজ বিভাগের শিক্ষার্থী মো. রোমান রহমান।

প্রথমে ‘চাকসু ফর র‍্যাপিড চেঞ্জ’ নামে প্যানেল ঘোষণা করা হলেও পরে নাম পরিবর্তন করা হয়েছে বলে জানান সাকিব মাহামুদ রুমি। তিনি বলেন, ‘প্রথমে প্যানেলের নাম ছিল চাকসু ফর র‍্যাপিড চেঞ্জ। পরে অন্তর্ভুক্তিমূলক সিদ্ধান্তের অংশ হিসেবে, বিশেষ করে দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীসহ সবার অংশগ্রহণ নিশ্চিত করতে নাম পরিবর্তন করে সর্বজনীন শিক্ষার্থী সংসদ রাখা হয়েছে।’

সংবাদ সম্মেলনে নির্বাচনকালীন পরিবেশ নিয়েও শঙ্কা প্রকাশ করেন সাধারণ সম্পাদক পদপ্রার্থী সাকিব মাহামুদ রুমি। তিনি বলেন, ‘প্রক্টরিয়াল বডির ব্যর্থতার কারণে এরই মধ্যে তাদের পদত্যাগের দাবি উঠেছিল। এখনও প্রক্টর চাকসু কমিটিতে রয়েছেন। আমরা চাই, এমন একটি প্রক্টরিয়াল বডি আসুক যারা শিক্ষার্থীদের আস্থা অর্জন করবে। সব মিলিয়ে আমরা নিশ্চিত নই যে লেভেল প্লেয়িং ফিল্ডে নির্বাচন অনুষ্ঠিত হবে।’

### ঘোষিত পূর্ণাঙ্গ প্যানেলে রয়েছেন—

খেলাধুলা ও ক্রীড়া সম্পাদক মো. সবুজ, সহসম্পাদক মো. জাহাঙ্গীর আলম; সাহিত্য, সংস্কৃতি ও প্রকাশনা সম্পাদক দেওয়ান আব্দুর, সহসম্পাদক সিয়াম আল ইহসান; দপ্তর সম্পাদক তৌহিদুল ইসলাম (সাগিদ), সহসম্পাদক শাফিন রহমান; ছাত্রী কল্যাণ সম্পাদক সানজিদা আক্তার; বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক মাজহারুল ইসলাম; গবেষণা ও উদ্ভাবন সম্পাদক তৌহিদুল ইসলাম (সুহান); সমাজসেবা ও পরিবেশ সম্পাদক মেহেদী হাসান; স্বাস্থ্য সম্পাদক জহিরুল ইসলাম; মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক জিয়াউদ্দিন সায়েম; ক্যারিয়ার ডেভেলপমেন্ট ও আন্তর্জাতিক সম্পাদক নাজমুস সাদাত, মো. সায়েম; যোগাযোগ ও আবাসন সম্পাদক মো. নাজমুছ ছাকিব, সহসম্পাদক রায়হান আব্দুল্লাহ; আইন ও মানবাধিকার সম্পাদক ইয়াছিন আরাফাত; পাঠাগার সম্পাদক মো. মারুফ।

এ ছাড়া নির্বাহী সদস্য পদে আছেন মো. মুজাহিদুল্লাহ (মুজাহিদ), কাজী বেলাল হোসেন, আবিদ হাসান ও সালমান মাহামুদ সজিব।